


বাংলাদেশ দূতাবাস  
রিয়াদ, সৌদি আরব  
ফোনঃ ৪১৯৫৩০০।

## ॥ জরুরী বিজ্ঞপ্তি ॥

অবৈধভাবে বসবাসরত বিদেশী নাগরিকদের স্ব স্ব দেশে ফিরে যাওয়ার জন্য  
সৌদি সরকার কর্তৃক সাধারণ মার্জনা ঘোষণা।

অবৈধভাবে সৌদি আরবে বসবাসরত বিদেশী নাগরিকদের সাধারণ মার্জনার মাধ্যমে স্ব স্ব দেশে ফিরে যাওয়ার সুযোগ প্রদানের জন্য সৌদি আরব সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। হজ্জ, উমরাহ, ভিজিট এবং অন্যান্য ভিসা, যথা- স্টুডেন্ট ও বিজনেস ভিসায় এসে থেকে যাওয়া অবৈধ অভিবাসীরাই কেবল এ মার্জনার সুযোগ পাবেন এবং ২৪/০৩/২০১১ তারিখের মধ্যে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে নিজ নিজ দেশে ফিরে যেতে পারবেন। ওয়ার্ক ভিসায় এসে পালিয়ে গিয়ে বা অন্য কারণে অবৈধ হয়ে যাওয়া বিদেশী নাগরিকরা এ মার্জনার সুযোগ পাবেন না। মার্জনার সুযোগ প্রত্যাশী বিদেশী নাগরিকদের বহির্গমন ছাড়পত্রের (Exit Visa) জন্য ব্যক্তিগতভাবে ডিপোর্টেশন অফিসে হাজির হতে হবে এবং হজ্জ, উমরাহ, ভিজিট, স্টুডেন্ট, বিজনেস প্রভৃতি ভিসায় সৌদি আরবে আগমনের প্রমানপত্র বা গ্রহণযোগ্য তথ্য উপস্থাপন করতে হবে। তাদের অবৈধ অভিবাসনের বিষয়ে নিশ্চিত হয়ে ডিপোর্টেশন অফিস সংশ্লিষ্ট অবৈধ অভিবাসীর পাসপোর্টে Exit Visa প্রদান করবে। কারো পাসপোর্ট না থাকলে উপরে উল্লেখিত কারণে অবৈধ হয়ে যাওয়া বিদেশী নাগরিকদের অনুকূলে স্ব স্ব দেশের দূতাবাস কর্তৃক ইস্যুকৃত ট্রাভেল পাসেও Exit Visa প্রদান করা হবে।

হজ্জ, উমরাহ, ভিজিট, স্টুডেন্ট, বিজনেস প্রভৃতি ভিসায় সৌদি আরবে এসে অবৈধ অভিবাসী হয়ে যাওয়া বাংলাদেশী নাগরিকদের ট্রাভেল পাস গ্রহনসহ এ সংক্রান্ত যে কোন তথ্য জানার জন্য এ দূতাবাসে বা জেদ্দাহ্ বাংলাদেশ কনসুলেট জেনারেল-এ যোগাযোগের জন্য অনুরোধ করা যাচ্ছে।

  
(এস,এম, হারুন-অর-রশীদ)  
কাউন্সেলর (শ্রম)।